

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০৩.০০৪.২৩. ৭৭৬

তারিখ : ২৬ শ্রাবণ ১৪৩০
১০ আগস্ট ২০২৩


স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২৩ পালন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহিত হলো:

কর্মসূচিসমূহ

তারিখ ও সময়	কর্মসূচির বিবরণ	স্থান	ব্যবস্থাপনায়
১৫/০৮/২০২৩ খ্রিঃ সূর্যোদয়ের সাথে সাথে	জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহ	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/ ভবনের মালিকগণ
১৫/০৮/২০২৩ খ্রিঃ সকাল ০৯.০০ টা	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ	উপজেলা পরিষদ চত্বর মুক্তমঞ্চ সংলগ্ন বঙ্গবন্ধুর মুরাল।	সংশ্লিষ্ট উপ-কমিটি
১৫/০৮/২০২৩ খ্রিঃ সকাল ০৯.৩০ টা	জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা	উপজেলা পরিষদ সভাকক্ষ।	সংশ্লিষ্ট উপ-কমিটি
১৫/০৮/২০২৩ খ্রিঃ সকাল ১০.৩০ টা	পুরস্কার বিতরণ	উপজেলা পরিষদ সভাকক্ষ।	সংশ্লিষ্ট উপ-কমিটি
১৫/০৮/২০২৩ খ্রিঃ সুবিধাজনক সময়	জাতীয় শোক দিবসের সাথে সজ্ঞাপূর্ণ রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতা	ক) রচনা প্রতিযোগিতা: উপজেলা পরিষদ সভাকক্ষ। খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা: উপজেলা প্রশাসন স্কুল ও কলেজ, নাগেশ্বরী, কুড়িগ্রাম। গ) কবিতা আবৃত্তি প্রতিযোগিতা: উপজেলা পরিষদ অডিটরিয়াম।	সংশ্লিষ্ট উপ-কমিটি
১৫/০৮/২০২৩ খ্রিঃ সকাল ১১:০০ ঘটিকা	আলোচনা ও বীর মুক্তিযোদ্ধাগণকে আপ্যায়ন	উপজেলা মন্ত্রিযোদ্ধা কমপ্লেক্স	উপজেলা প্রশাসন
১৫/০৮/২০২৩ খ্রিঃ বাদ যোহর/সুবিধাজনক সময়	সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপসনালয়ে বিশেষ মোনাজাত ও প্রার্থনা	মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপসনালয়।	সংশ্লিষ্ট ধর্মীয় প্রতিষ্ঠান প্রধানগণ
১৫/০৮/২০২৩ খ্রিঃ দুপুর ২:০০ ঘটিকা	সরকারি হাসপাতাল ও এতিম খানায় উন্নত খাবার পরিবেশন।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট বিভাগ

কর্মসূচি বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

- ১) ১৫ আগস্ট, ২০২৩ তারিখ সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি অফিস, ভবন, কল-কারখানা ও দোকানে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে যথাযথ মর্যাদার সাথে (নেতুন পতাকা বিধি অনুযায়ী) সূর্যোদয়ের সাথে সাথে উত্তোলন এবং সূর্যাস্তের পূর্বে নামানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/ভবন মালিক/বণিক সমিতির সভাপতিকে অনুরোধ করা হলো।
- ২) সকল কর্মসূচিতে আইন-শৃঙ্খলা রক্ষাসহ প্রয়োজনীয় নিরাপত্তা বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, নাগেশ্বরী/কচাকাটা থানা, নাগেশ্বরী, কুড়িগ্রামকে অনুরোধ করা হলো।
- ৩) সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীকে জাতীয় শোক দিবসের দিনব্যাপী সকল কর্মসূচিতে আবশ্যিকভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সকল সরকারি/বেসরকারি দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হলো।
- ৪) জাতীয় শোক দিবস-২০২৩ পালন উপলক্ষ্যে সরকারিভাবে বঙ্গবন্ধুর ভাষণ/ডকুমেন্টারি প্রদর্শনের জন্য সভাপতি, প্রেস ক্লাব নাগেশ্বরীকে অনুরোধ করা হলো।



(ফারজানা জাহান)


উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০৩.০০৪.২৩.৭৭৬

তারিখ : ২৬ শ্রাবণ ১৪৩০
১০ আগস্ট ২০২৩

অনুলিপি: সদয় অবগতির জন্য

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৪. মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৫. জনাব মোঃ খায়রুল আলম, সভাপতি, মটর মালিক সমিতি, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৬.
.....
.....নাগেশ্বরী, কুড়িগ্রাম।


২০/৮/২৩
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।